



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার ঢাকা-১২১৫।

ফোনঃ ৫৫০১৩৭২৬-২৮; ই-মেইল : info@nhrc.org.bd ; ওয়েব : www.nhrc.org.bd

ই-মেইল info@nhrc.org.bd ওয়েব : www.nhrc.org.bd

স্মারকনং: এনএইচআরসিবি/অভিযোগ-Suomoto-০৫/২০- ৫২

তারিখ: ২৮/০১/২০২০

বিষয়: শিক্ষকের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ সংক্রান্ত।

গত ২৩ জানুয়ারি, ২০২০ তারিখ দৈনিক আমাদের সময় পত্রিকায় ‘শিক্ষকের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ, বিষপান করে মুমূর্ষু স্কুলছাত্রী হাসপাতালে’ শিরোনামে প্রকাশিত খবরের প্রতি জাতীয় মানবাধিকার কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। প্রকাশিত সংবাদ অনুযায়ী, বাগেরহাটের শরণখোলা উপজেলার রায়েন্দা সরকারি পাইলট হাইস্কুলের দশম শ্রেণির এক ছাত্রী আত্মহত্যার উদ্দেশ্যে বিষপান করে মুমূর্ষু অবস্থায় খুলনা মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন। ওই ছাত্রী তার স্কুলের শিক্ষক শাহীনুজ্জামানের বিরুদ্ধে তাকে নোংরা প্রস্তাব দেয়ার পাশাপাশি বিভিন্ন সময় নানাভাবে যৌন হয়রানির অভিযোগ করেছে এবং এ জন্যই লজ্জায় আত্মঘাতী হতে চেয়েছিল মর্মে পত্রিকায় প্রকাশিত হয়েছে। ভুক্তভোগী ছাত্রীর মা ঐ শিক্ষকের পূর্বতন যৌন কেলেঙ্কারি নিয়ে অভিযোগ করেছেন। তিনি আরো বলেন, “আমরা আইনের সহায়তা নিতে থানায় গিয়েছিলাম। তখন ওসি সাহেব ছিলেন না। অন্যরা মিটমাট করে নেওয়ার পরামর্শ দিয়েছিলেন। এর পর মেয়ের অবস্থা খুবই খারাপ হওয়ায় আমার আর থানায় যাওয়া হয়নি।” এছাড়া, একই স্কুলের প্রধান শিক্ষক সুলতান আহমেদ গাজীর বিরুদ্ধেও অভিযোগ তুলেছে ওই ছাত্রী।

সংবাদে উল্লেখ করা হয়, স্কুলের সভাপতি স্থানীয় উপজেলা নির্বাহী কর্মকর্তা শরণখোলা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তদন্ত মোস্তাফিজুর রহমান, ম্যানেজিং কমিটির সাবেক সদস্য গিয়াস উদ্দিন মুন্সি ও বর্তমান সদস্য অমলেন্দু হালদারের সমন্বয়ে তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করে দিয়েছেন।

০২। নারীর প্রতি যে কোন ধরনের সহিংসতা বিশেষত শিক্ষক কর্তৃক ছাত্রীকে যৌন হয়রানির অভিযোগ গুরুতর ও অমানবিক, যা মেনে নেয়া যায় না। এই অবস্থায় উক্ত অভিযোগের বিষয়টি কমিশন হতে স্বপ্রণোদিত অভিযোগ হিসেবে গ্রহণ করা হয়েছে। এ ঘটনায় সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক গঠিত উল্লিখিত তদন্ত কমিটির প্রতিবেদন আগামী ০৯/০৩/২০২০ তারিখের মধ্যে কমিশনে প্রেরণের জন্য নির্দেশিত হয়ে তাঁকে অনুরোধ করা হল। এই সঙ্গে পত্রিকায় প্রকাশিত সংবাদের ছায়ািলিপি প্রেরণ করা হল।

সংযুক্তি: ০২ পাতা।

জেলা প্রশাসক
বাগেরহাট।

burhanur
(ফারজানা নাজনীন তুলতুল)
সহকারী পরিচালক (সমাজসেবা এবং কাউন্সেলিং)

০/০